

**বাংলা (Bengali)**  
**(303)**  
**মূল্যায়ন পত্র (Assignment)**

পৃষ্ঠান - ২০

**নির্দেশিকা :**

- ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।  
 খ) উত্তর পত্রের প্রথম পৃষ্ঠার উপরদিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পার্টকেন্ড্রের (AI) নম্বর এবং বিষয় লিখুন।

১। যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। (উত্তর ৪০-৬০ শব্দের মধ্যে লিখতে হবে।)

২

- ক) “আগনার রূপহেরি মজিলা আপন” —  
 আগন কে? তিনি কি ভাবে নিজরূপে মজেছেন তা কবিতা অবলম্বনে লিপিবদ্ধ করুন। (পাঠ ৩ দেখুন)  
 খ) লেখ্যসারণি দিয়ে বাংলা গদ্য সাহিত্যের বিভাজন উল্লেখ করুন। (পাঠ ৬ দেখুন)  
 গ) কবি রবীন্দ্রনাথ এই পৃথিবীর স্রষ্টার কাছে এক আদ্র্শ্য শুভশক্তি কঙ্গনা করেছেন — “প্রশ্ন” কবিতা অবলম্বনে তা প্রকাশ করুন। (পাঠ ৫ দেখুন)  
 ঘ) i) উৎস অনুযায়ী বাংলা শব্দ ভাগুর কত ভাগে বিভক্ত ও কিকি?  
 ii) আগন্তক শব্দ কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।  
 অথবা  
 i) ‘জীবন্ত’ শব্দের প্রকৃতি প্রত্যয় নির্ণয় করে অর্থপূর্ণ বাক্যরচনা করুন।  
 ii) নীচের ব্যাসবাক্য পূর্ণ অংশকে সমাসবদ্ধ রূপদিন —  
 (ক) পুত্রের সহিত বর্তমান (খ) কৌতুহল আছে যার।

২। যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। (উত্তর ৪০-৬০ শব্দের মধ্যে লিখতে হবে।)

২

- ক) গ্যালিলিওকে পিসা বিশ্ববিদ্যালয় কোন সালে কী পদে অভিশক্তি করেছিল? সেখানে তিনি কি পরীক্ষা করে দেখালেন? (পাঠ ৭ দেখুন)  
 খ) নারী ও পুরুষের মধ্যে যে কোন পার্থক্য নেই তা ‘নারী’ কবিতা অবলম্বনে লিখুন। (পাঠ ১৭ দেখুন)  
 গ) ‘নাজমা’ কবিতায় নাজমার প্রতিবেশিনীর যে ছবি ফুটে উঠেছে তা কয়েকটি বাক্যে লিখুন। (পাঠ ১৯ দেখুন)  
 ঘ) ‘বিড়াল’ গল্পে কাদের পতিত আঘাত বলা হয়েছে? কোন অর্থে বলা হয়েছে? কাদের কাছে তারা পণ্ডিতরূপে পরিগণিত হয়েছে তা লিখুন। (পাঠ ৮ দেখুন)

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। (উত্তর ৪০-৬০ শব্দের মধ্যে লিখতে হবে।)

২

- ক) ‘রাধার কী হৈল অস্তরে ব্যথা’ — অস্তরের ব্যথায় রাধার শারীরিক ও মানসিক আচরণের যে যে পরিণতি দেখা দিয়েছিল তা নিজের ভাষায় লিখুন। (পাঠ ২ দেখুন)  
 খ) কালাপাহাড় কী ভাবে খুন হয়েছে তার কয়েকটি কারণ নির্দেশ করুন। (পাঠ ২০ দেখুন)  
 গ) ‘বাংলা ভাষায় উচ্চারিত হলো’ কবিতায় কবির চোখে কোন চেনা ছবি ফুটে ওঠে? (পাঠ ১৮ দেখুন)  
 ঘ) সারসংক্ষেপ লিখুনঃ-

পাপীকে সাধুরুণা বড় সহজ কথা নয়। ইহাতে অনেক যত্ন, অনেক সতর্কতা, মানব প্রকৃতির অনেক জ্ঞান থাকা চাই, এমন কি, কিছুকালের নিমিত্ত আপনার স্বার্থ পর্যন্ত বিস্তৃত হইতে হয়। এ সংসারে প্রেমই হাদয় রাজ্যের অধিত্যীয় দৈশ্বর। কী শিশু, কী প্রবীন, কী বৃদ্ধ, কী ধনী, কী নির্ধন, কী পাপী, কী সাধু — সকলেই একবাক্যে ভালোবাসার দাস। অন্যের অসংকরনে প্রভৃতি করিতে হইলে প্রথমত, ভালোবাসার দ্বারাই তাহার পথ প্রস্তুত করিতে হয়। এই রূপ পরোক্ষ শিক্ষাদানের ও উদ্দেশ্য ভালোবাসার দ্বারা কার্যকরী করা হয়। বস্তুত, সহাদয়তা ছাড়া যে পরের উপকার করা যায় না এবং সর্বময় স্নেহের অভাবে যে সর্বপ্রকার সদগুণ-ও থাকা না থাকা সমান, তাহাতে আর সন্দেহ কী।

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। (উত্তর ১০০-১৫০ শব্দের মধ্যে লিখতে হবে।)

৪

- ক) কাজী নজরুল ইসলাম নারী কবিতায় পুরুষ ও নারীর মধ্যে সামাজিক ক্রিয়াকলাপের ক্ষেত্রে যে, কোন বৈষম্য থাকা উচিং নয় তার সপক্ষে কোন কোন যুক্তি দিয়েছেন? (পাঠ ১৭ দেখুন) ২  
 খ) আগনি কি মনে করেন যে সুভাষ কাকিমা অনাচার করেছেন — সংক্ষেপে লিখুন। (পাঠ ২২ দেখুন)  
 গ) শিলাইদহ থেকে রচনার মাধ্যমে পাল্লিবাংলার বিশিষ্টরূপ ও প্রকৃতির কথা বর্ণনা করুন। (পাঠ ৯ দেখুন)  
 ঘ) বোধপরীক্ষণঃ- নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিনঃ-  
 দেশের অর্থনৈতিক বিকাশের জন্য সাধারণ মানুষের সংগ্রাম জরুরি। সাধারণ মানুষের কষ্টার্জিত সংগ্রামকে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজে লাগাতে

পারলে তাতে সবার-ইউপকার। কিন্তু যদি কিছু অসং প্রতিষ্ঠান মানুষের সরলতার ফায়েদা তুলে তাঁদের বহু মেহনতে রোজগার করা টাকা পয়সা আঞ্চসাং করবার চেষ্টা করে, তবে সাধারণ মানুষ তাদের শেষ জীবনের সম্পর্কে হারিয়ে অসহায় হয়ে পরেন। এধরনের বহু ঘটনার কথা জানা গেছে। তাই স্বাভাবিকভাবে সরকার নন ব্যাকিং সংস্থাগুলোর প্রতারণা ঠেকাবার জন্য আইন করার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রশ্নঃ

- i) অনুচ্ছেদটির কী শিরোনাম দেওয়া যথার্থ হবে?
- ii) সাধারণ স্বল্প সংখ্যার গুরুত্ব কী?
- iii) অন্য প্রতিষ্ঠান মানুষের কী বিষয়ের কায়দা তুলতে সচেষ্ট?
- iv) এই টাকা আঞ্চসাং রখতে সরকার কী পদক্ষেপ নিচ্ছে?

৬। নিচের একটি বিষয়ে প্রকল্প রচনা করুন। (ডেন্টর ৬০০ শব্দের মধ্যে লিখতে হবে)

৬

- ক) স্বচ্ছ ভারত মিশন — স্বচ্ছ ভারত মিশন প্রকল্প কী — প্রেক্ষাপট — এই মিশনের মূল উদ্দেশ্য — আপনার আশেপাশে দুটি গ্রাম / শহর নিরূপন করুন — স্বচ্ছ ভারত প্রকল্প শুরুর আগে সেই গ্রামের/শহরের কী চিত্র ছিল এবং প্রকল্প শুরুর পরে সেই স্থানের অবস্থা কেমন হয়েছে তা তুলনামূলক আলোচনা করুন।
- খ) নারী স্বশক্তিকরণ — নারীর স্বশক্তিকরণ সম্বন্ধে ধারনা — সমাজে নারীর স্থান — বাস্তবিকতা — উদাহরণসহ আলোচনা বিশিষ্ট তিনজন নারীর নাম লিখুন — যে কোন একজন এর জীবনী নিয়ে আলোচনা করুন যিনি সমাজে প্রতিবন্ধকতার মধ্যে ও নিজেকে প্রতিষ্ঠা করতে পেরেছেন — নিজস্ব বিশ্লেষণ।
- গ) অনিস্পিক ২০১৬ — এই অনিস্পিকতে ভারতবর্ষের খেলোয়াড়রা কি কি বিভাগে যোগদান করেছিল — যোগদানকারী ভারতীয় খেলোয়াড়দের প্রদর্শনের বিবরণ — মেডেল জয়ী খেলোয়াড়দের তালিকা — বিভিন্ন বিভাগে ব্যর্থতার কারণ — উন্নতির জন্য কি কি পদক্ষেপ নেবার প্রয়োজন — নিজের মতামতের ভিত্তিকে আলোচনা করুন।
- ঘ) শিক্ষার বাণিজ্যিক করণঃ শিক্ষার বাণিজ্যিক করণ কি — শিক্ষার বাণিজ্যিক করণের ফলে শিক্ষার মান উন্নতি হয়েছে এর স্বপক্ষে বা বিপক্ষে ২০ জন ব্যক্তির মতামত লিপিবদ্ধ করুন — নিজস্ব মতামতের ভিত্তিতে তুলনামূলক বিশ্লেষণ করুন।